

১০৬ নং জল চেম্বার পাতভল পত্রিকা

রাজশাহী বিআইটিতে ছাত্রদলের তাওব

মিনু ভাই ফিরে না আসা পর্যন্ত কাউকে নিয়োগ দেয়া যাবে না

নিজস্ব বার্তা পরিবেশক, রাজশাহী : রাজশাহীতে বিএনপি ক্যাডাররা তরুণ বিআইটি ক্যাম্পাসে শত শত পুলিশের সামনে ব্যাপক তাওবশীলা চালিয়েছে। তারা প্রতিষ্ঠানের বিভিন্ন পদে দলীয় লোক নিয়োগের দাবিতে সকাল থেকে দুপুর পর্যন্ত বিআইটির প্রধান ফটক অবরোধ করে রাখে। বিআইটির শিক্ষক, রিক্রুটমেন্টের সদস্য এবং চাকরি প্রার্থীদের ক্যাম্পাসে ঢুকতে দেয়নি। ক্যাডারদের প্রবল বাধা ও

তাওবের কারণে কর্তৃপক্ষ ৬ টি নন চিঃ স্টাফ পদের লিখিত পরীক্ষা স্থগিত করতে বাধ্য হন।

ক্যাডাররা বিপুল সংখ্যক চাকরি প্রার্থীকে এলোপাতাড়ি নির্যাতন করে ক্যাম্পাস থেকে তাড়িয়ে দিয়েছে। এসময় বিএনপির ক্যাডারবাহিনী বিআইটির পরিচালক ও প্রশাসনিক কর্মকর্তাদের হুমিয়ার করে দিয়ে বলেছে, 'মিনু ভাই ঢাকা থেকে ফিরে না

তাওব : পৃঃ ২ কঃ ৮

জাতি...
পৃঃ ২ কঃ ৮

তাওব : রাজশাহী বিআইটি

(১২-এর পৃষ্ঠার পর)

আসন্ন পর্যন্ত সংশ্লিষ্ট পদে কাউকে নিয়োগ দেয়া যাবে না। মিনু ভাইয়ের দেয়া তালিকা অনুযায়ী কর্মকর্তা নিয়োগ করতে হবে। ক্ষমতাসীনদের এমন অযৌক্তিক দাবির ঘটনায় বিআইটির শিক্ষক-কর্মকর্তা-কর্মচারী এমনকি শিক্ষার্থীদের মাথের ব্যাপক ক্ষোভের সৃষ্টি হয়েছে।

সংশ্লিষ্ট সূত্রে জানা যায়, বিআইটিতে ট্রান্সপোর্ট কর্মকর্তা, জুনিয়র হিসাব কর্মকর্তা, জুনিয়র ইনস্ট্রুমেন্ট ইঞ্জিনিয়ার ও সেকশন অফিসারসহ মোট ছয়টি পদে লোক নিয়োগের জন্য সম্প্রতি সাক্ষাৎ দেয়া হয়। এই পদগুলোতে প্রায় ৩শ' আবেদন জমা পড়ে। গতকাল বৃহস্পতিবার ৭ই জুন সকাল ৩ বিকালে দুশিতটে চাকরি প্রার্থীদের লিখিত পরীক্ষা হওয়ার কথা ছিল। কিন্তু বিএনপি ক্যাডাররা সকাল সাড়ে ৮ টা থেকে বিআইটির প্রধান ফটকে অবস্থান নেয়। তারা চাকরি প্রার্থী এবং শিক্ষক ও রিক্রুটমেন্টের সঙ্গে জড়িত সদস্যদের ক্যাম্পাসে প্রবেশ করতে বাধা দেয়। অনেক চাকরি প্রার্থী জোর করে প্রবেশের চেষ্টা করলে তাদের নির্যাতন করা হয়। বেশ কয়েকজন শিক্ষককেও লাঞ্চিত করা হয়েছে।

প্রত্যক্ষদর্শীরা জানায়, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ছাত্রদল নেতা উজ্জ্বল এবং স্থানীয় যুবদল নেতা এনামুলের নেতৃত্বে ৫০/৬০ বিএনপি ক্যাডার বিআইটি ক্যাম্পাসে মহড়া দিতে থাকে। এসময় এলোপাতাড়ি নির্যাতন করা হয় ৩০/৩৫ জন চাকরি প্রার্থীকে। পরীক্ষা শুরু হলে ক্যাডাররা বিআইটির পরিচালকের দপ্তরে গিয়ে বলতে থাকে, 'আমরা মিনু ভাইয়ের লোক। মিনু ভাইয়ের পারমিশন ছাড়া নতুন কাউকে নেয়া যাবে না। লিখিত পরীক্ষা বন্ধ করতে হবে। মিনু ভাই রাজশাহীতে না আসা পর্যন্ত লিখিত পরীক্ষা নেয়া চলবে না। মিনু ভাইয়ের দেয়া তালিকা অনুযায়ী নিয়োগ করতে হবে। আপনি মিনু ভাইয়ের সঙ্গে কথা বলেন। এতোদিন মেয়রের সঙ্গে কথা বলেননি কেন?'

ক্যাডারদের উদ্দেশ্যে একপর্যায়ে পরিচালকও বলতে থাকেন যে, 'আপনাদেরতো তালিকা দেয়ার কথা ছিল। তা এতোদিনেও দেননি কেন?' এরপর পরিচালক অধ্যাপক কে.রামত আলী মোস্তাফিজ চাকরি ফেনে মিনুর সঙ্গে কথা বলেন। সংশ্লিষ্ট একটি সূত্রে জানায়, মিনু পরিচালককে বলেছেন, 'আমি কাউকে পরীক্ষা বন্ধের জন্য নির্দেশ দেইনি। তবে যারা পরীক্ষা বন্ধ করতে গেছে তাদের সঙ্গে কথা বলা।' এরই পরিপ্রেক্ষিতে কর্তৃপক্ষ রিক্রুটমেন্টের জন্য লিখিত পরীক্ষা স্থগিত করে দেন। পরিচালক পরীক্ষা স্থগিত করার কথা স্বীকার করেছেন।

সংশ্লিষ্ট একটি দায়িত্বশীল সূত্রে জানায়, বিএনপি দলীয় অন্য এক সাংসদ অ্যাডভোকেট নাদিম মোস্তফার ভাই সাহিদ হাসান বিআইটির পরিচালককে লিখিত পরীক্ষা এছাড়া অনুরোধ জানিয়েছিলেন। মেয়র মিনুর সঙ্গে যোগাযোগের চেষ্টা করেও তাকে পাওয়া যায়নি। তবে তিনি এখন চলতি বাজেট অধিবেশনের জন্য ঢাকায় রয়েছেন বলে জানা গেছে। বিআইটি পরিচালক জানান, স্থগিত পরীক্ষার তারিখ পরবর্তী সময়ে জানানো হবে।